

হাদিস সন্ডার

হাদিস নান্বারঃ ১৩২১

১১/ জানাযা

পরিচ্ছেদঃ কার জানাযা পড়া হবে

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: مَاتَ رَجُلٌ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعُودُهُ فَدَفَنُوهُ بِاللَّيْلِ فَلَمَّا أَصْبَحَ أَعْلَمُوهُ فَقَالَ: " مَا مَنَعُكُمْ أَنْ تُعَلِّمُونِي " قَالُوا كَانَ اللَّيْلُ وَكَانَتِ الظُّلْمَةُ فَكْرِهْنَا أَنْ نَشُقَّ عَلَيْكَ، فَأَتَى قَبْرَهُ فَصَلَّى عَلَيْهِ قَالَ : فَأَمَّنَّا وَصَفَّنَا خَلْفَهُ وَأَنَا فِيهِمْ وَكَبَّرَ أَرْبَعًا

বাংলা

(১৩২১) আব্দুল্লাহ বিন আব্বাস (রাঃ) বলেন, এক ব্যক্তিকে তার পীড়িত অবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সান্ধাতে জিজ্ঞাসাবাদ করতেন। সে মারা গেলে তাকে রাতে-রাতেই দাফন করে দেওয়া হল। অতঃপর সকাল হলে সে কথা তাঁর নিকট উল্লেখ করলে তিনি বললেন, আমাকে তার মৃত্যু খবর জানাতে তোমাদের কী বাধা ছিল? সকলে বলল, গভীর রাত্রি ছিল আর অন্ধকারও ছিল খুব বেশী। তাই আপনাকে কষ্ট দিতে আমরা অপছন্দ করলাম। এ শুনে তিনি তার কবরের নিকট এসে তার জানাযা পড়লেন। তিনি আমাদের ইমামতি করলেন। আমরা তাঁর পশ্চাতে কাতার দিয়েছিলাম। ঐ কাতারে আমিও শামিল ছিলাম। তিনি তাঁর জন্য চার তকবীর দিয়ে নামায পড়লেন।

ফুটনোট

(বুখারী ১২৪৭, ১৩২২, মুসলিম ২২৫৫, তিরমিযী ৯৫৮, ইবনে মাজাহ ১৫৩০, বাইহাকী ৭২৪৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65069>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন